

নং পার-২/১এ (সপরি)-৩/২০০৯ (অংশ)/৬৮২

তারিখঃ ০৮/১০/২০১২ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে তাঁদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলোঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম, কোড নং, পদবী ও বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত পদ ও কর্মস্থল
১	ডাঃ সুকুমার সরকার (৩৫৮৯১), সিভিল সার্জন, নাটোর।	সিভিল সার্জন, মাদারীপুর।
২	ডাঃ আনন্দ মোহন দাস (৩৬৩৮৬), সিভিল সার্জন, মানিকগঞ্জ (সিভিল সার্জন, ফরিদপুর হিসেবে বদলির আদেশাধীন)।	সহকারী পরিচালক ( নিরীক্ষা নিষ্পত্তি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০২। মন্ত্রণালয়ের ১২/০৮/২০১২ তারিখের ৫৭৫ নং প্রজ্ঞাপন স্মারকে ডাঃ সিরাজুল হক আলুকার (৩৬৬৮৯), সিভিল সার্জন, ফরিদপুর-এর ও.এস.ডি.র আদেশ এবং ডাঃ আনন্দ মোহন দাস (৩৬৩৮৬), সিভিল সার্জন, মানিকগঞ্জ-কে সিভিল সার্জন, ফরিদপুর হিসেবে বদলির আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

০৩। ডাঃ আনন্দ মোহন দাস (৩৬৩৮৬) এর সিভিল সার্জন, মানিকগঞ্জ হতে দায়িত্বভার অর্পনের তারিখ হতে বর্তমান বদলিকৃত কর্মস্থলে যোগদান পর্যন্ত সময়কে পদায়নের জন্য অপেক্ষমানকাল হিসেবে গণ্য করা হলো।

০৪। মাদারীপুর জেলার সিভিল সার্জন ডাঃ মোঃ নোমান চৌধুরী (৩৩২৩২) এর তত্ত্বাবধায়ক, জয়পুরহাট জেলা হাসপাতালে যোগদানের নিমিত্ত আগামী ১১/১০/২০১২ হতে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত করা হলো।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



( মোঃ হুমায়ুন কবীর )

উপ সচিব (পার-২)

ফোনঃ ৭১৬৯৭৪৮


[dsper2@mohfw.gov.bd](mailto:dsper2@mohfw.gov.bd)

তারিখঃ ০৮/১০/২০১২ খ্রিঃ

নং পার-২/১এ (সপরি)-১/২০০৯/৬৮২/১(১১)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এম.আই.এস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট/মাদারীপুর/মানিকগঞ্জ/নাটোর।
- ১০। যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ .....
- ১২। অফিস কপি।

  
( মোঃ হুমায়ুন কবীর )  
উপসচিব (পার-২)